# বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ

১৪১-১৪৩, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।

তারিখঃ ২৯ /০৭/২০২৬খ্রিঃ

**দপ্তর আদেশ নং-১৪২০/২০২৬**

জনাব মোঃ তানভীর কবীর তপু, সহকারী অর্থ কর্মকর্তা, অর্থ বিভাগ, বিআইডব্লিউটিএ, ঢাকা জনৈক জনাবা শারমিনা সুলতানা-কে বিয়ের প্রলোভন দেখিয়ে ইচ্ছার বিরুদ্ধে ধর্ষণ করার অভিযোগে বিজ্ঞ নারী ও শিশু নির্যাতন দমন ট্যাইবুনাল-২, খুলনায় তার নামে জনাবা শারমিনা সুলতানা কর্তৃক নারী ও শিশু নির্যাতন দমন আইন-২০০০(সংশোধিত-২০০৩) এর ৯(১) ধারায় মামলা দায়ের করা হয় (মামলা নং-১১৭/২০২৪)। উক্ত মামলার শুনানীঅন্তে বিজ্ঞ চীফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট খুলনা জামিন না মঞ্জুর করে গত ১৪/০১/২০২৫খ্রিঃ তারিখ তাকে জেল হাজতে প্রেরণ করার কারণে কর্তৃপক্ষের দপ্তর আদেশ নং-২৭০/২০২৫ তারিখঃ ০৬/০২/২০২৫খ্রিঃ দ্বারা বাঅনৌপ-কর্তৃপক্ষের কর্মচারী চাকুরী প্রবিধানমালা-১৯৯০ এর ৪১(৫) প্রবিধান অনুসারে কর্তৃপক্ষের চাকুরী হতে তাকে সাময়িকভাবে বরখাস্ত করা হয়;

২। মাননীয় বিচারক (জেলা ও দায়রা জজ), বিজ্ঞ নারী ও শিশু নির্যাতন দমন ট্যাইবুনাল-২, খুলনা এর আদালত কর্তৃক আদেশ নং-৩১; তারিখঃ ১৮/০৫/২০২৬খ্রিঃ এর মাধ্যমে জনাব মোঃ তানভীর কবীর তপু এর বিরুদ্ধে নারী ও শিশু নির্যাতন দমন আইন-২০০০(সংশোধিত-২০০৩) এর ৯(১) ধারার অভিযোগ (মামলা নং-১১৭/২০২৪) সন্দেহাতীতভাবে প্রমাণিত না হওয়ায় তাকে বে-কসুর খালাস প্রদান করা হয়।

৩। এমতাবস্থায়, জনাব মোঃ তানভীর কবীর তপু, সহকারী অর্থ কর্মকর্তা(সাময়িক বরখাস্তকৃত), অর্থ বিভাগ, বিআইডব্লিউটিএ, ঢাকা এর বিরুদ্ধে দায়েরকৃত ফৌজদারী মামলাটি বিজ্ঞ আদালত কর্তৃক নিষ্পত্তি হওয়ায় সাময়িক বরখাস্তকালীন সময়কাল কর্মকাল হিসেবে গণ্য করে তাঁর সাময়িক বরখাস্তের আদেশ এতদ্বারা প্রত্যাহার করা হলো। তবে কর্তৃপক্ষের দপ্তর আদেশ নং-৮৫৯/২০২৬; তারিখঃ ১৩/০৫/২০২৬খ্রিঃ দ্বারা জনাব মোঃ তানভীর কবীর তপু, সহকারী অর্থ কর্মকর্তা (সাময়িক বরখাস্তকৃত) এর প্রতি আরোপিত বাঅনৌপ-কর্তৃপক্ষের কর্মচারী চাকুরী প্রবিধানমালা-১৯৯০ এর ৩৬(১) (অ) (খ) প্রবিধান মোতাবেক **"১(এক) বছর বেতন বর্ধন স্থগিত"** লঘু দন্ড বহাল/কার্যকর থাকবে।

৪। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

স্বাক্ষরিত

(এস এম শাহেদ রেজা)

পরিচালক(প্রশাসন ও মানব সম্পদ)

বিআইডব্লিউটিএ।

নথি নং-১৮.৭০৭.০৪৭.০০.০০.৩০৩.২০২৫/ ৫৫১ তারিখঃ ২৯ /০৭/২০২৬খ্রিঃ

**অনুলিপি ঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)-**

০১। পরিচালক, হিসাব বিভাগ, বিআইডব্লিউটিএ, ঢাকা।
০২। পরিচালক, নিরীক্ষা বিভাগ, বিআইডব্লিউটিএ, ঢাকা।
০৩। পরিচালক, অর্থ বিভাগ, বিআইডব্লিউটিএ, ঢাকা।
০৪। পরিচালক, আইসিটি বিভাগ, বিআইডব্লিউটিএ, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
০৫। সমন্বয় কর্মকর্তা, চেয়ারম্যান মহোদয়ের দপ্তর, বিআইডব্লিউটিএ, ঢাকা।
০৬। ব্যক্তিগত সহকারী, সদস্য (অর্থ) মহোদয়ের দপ্তর, বিআইডব্লিউটিএ, ঢাকা।
০৭। জনাব মোঃ তানভীর কবীর তপু, সহকারী অর্থ কর্মকর্তা, অর্থ বিভাগ, বিআইডব্লিউটিএ, ঢাকা।
০৮। বক্তিগত নথি।

২৯/৭/২০২৬
পরিচালক(প্রশাসন ও মানব সম্পদ)
বিআইডব্লিউটিএ।